দৈনিক খবর

তারিখ ... 24 SEP 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

74

প্রকাশ্যে আগ্নেয়াস্ত্র প্রদর্শন ঃ বোমাবাজি

# ঢাকা ভার্সিটি ক্যাম্পাসে আবার সন্ত্রাস ঃ গুলী

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গতকাল আবার সন্ত্রাস হয়েছে। গুলীবর্ষণ ও প্রতিপক্ষের ওপর হামলার ঘটনা ঘটেছে। এতে ছাত্রলীগ (শা-অ) বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি লাঞ্ছিত ও অপর একজন ছাত্রলীগ কর্মী ছুরিকাহত হন। সন্ধ্যা পর্যন্ত সন্ত্রস্ত অবস্থা বিরাজ করছিল। বেলা ১টার দিকে বিশ্ববিদ্যালয় এলাকায় দু'টি গাড়ীতে করে সশস্ত্র একটি দল ত্রাস সৃষ্টি করে। প্রত্যক্ষদর্শীরা জানান, তারা টিএসসি, শহীদ মিনার, ব্রিটিশ কাউন্সিল, জগন্নাথ হল এলাকায় কয়েকবার চক্কর দিয়ে প্রকাশ্যে আগ্নেয়াস্ত্র প্রদর্শন ও ককটেল বিস্ফোরণ ঘটায়। বিশ্ববিদ্যালয়ের কার্জন হলের কাছে তারা ৬ রাউন্ড ফাঁকা গুলীবর্ষণ করে বলেও জানা যায়। ছাত্রলীগ (শা-অ) সমর্থক কয়েকজন ছাত্র জানান, একটি গাড়ীতে জাতীয়তাবাদী ছাত্রদলের ক'জনকে কাটা রাইফেল এবং স্টেনগান হাতে দেখা গেছে। প্রতিপক্ষ ছাত্রলীগ কর্মীদের প্রতি এ সময় তারা হুমকি প্রদান করে বলেও অভিযোগ পাওয়া গেছে।

শেষ পৃষ্ঠায় ৩য় কলামে

## ঢাকা ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

এ ঘটনার পরপর তিনটি মোটর সাইকেলে সশস্ত্র অবস্থায় অপর একটি দল মধুর ক্যান্টিন চত্বরে প্রবেশ করে। মাথায় হেলমেট পরিহিত এই অস্ত্রধারীরা সেখানে ছাত্রলীগের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি গোলাম মোস্তফা সুজনের ওপরও চড়াও হয়। জনাব সুজনকে প্রহারের পর মধুর ক্যান্টিনে তারা ছাত্রলীগ সমর্থকদের অনুসন্ধান করেছে বলেও কয়েকজন ছাত্রের বর্ণনা থেকে জানা গেছে। মোটর সাইকেল আরোহী এই সশস্ত্র দলটি এনেক্স ভবনের সামনে ৩ রাউন্ড ফাঁকা গুলীবর্ষণ করে।

সন্ত্রাস সৃষ্টির এক পর্যায়ে জহুরুল হক হলের ছাত্রলীগ কর্মী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান ৩য় বর্ষের ছাত্র জসিম (২০)কে মোটর সাইকেল আরোহীরা ছুরিকাঘাত করে। জসিমকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয় এলাকায় প্রায় দু'ঘন্টা স্থায়ী এই ঘটনাকালে সাধারণ ছাত্র-ছাত্রীরা সন্ত্রস্ত হয়ে পড়ে। অস্ত্রধারীদের প্রকাশ্য ঘোরাঘুরিতে প্রতি মুহূর্তে পাল্টা আক্রমণের আশংকা করা হয়েছে। ছাত্র-ছাত্রী ও শিক্ষক-কর্মচারীদের নিরাপদ আশ্রয়ে পৌঁছানোর প্রাণান্ত চেষ্টায় বেশ কয়েকজন আহত হয়েছেন। বিশ্ববিদ্যালয়ে ছাত্রীরা এ সময় বিপাকে পড়েন। সমগ্র এলাকা যানবাহন শূন্য হয়ে পড়ে। পুলিশ বিশ্ববিদ্যালয়মুখী সড়কগুলো বন্ধ করে দেয়। সন্ধ্যা পর্যন্ত ক্যাম্পাসে থমথমে অবস্থা লক্ষ্য করা গেছে।